

## বাসযাত্রীদের প্রতি নির্দেশিকা

- (১) বাসযাত্রীগণকে কর্তৃপক্ষের অনুমোদিত পুরো ভাড়া দিয়ে ভ্রমণ করতে হবে।
- (২) বাস যাত্রীদের ব্যক্তিগত সামান্য জিনিস ব্যতিরেকে মাদক দ্রব্য, দাহ্য পদার্থ, পশু পক্ষী ইত্যাদি কোন দ্রব্যই বহন করা যাবে না এবং ঐ উদ্দেশ্যে বাস কর্মীদের কোনরূপ অনুরোধ করা যাবে না। তবে দাহ্য পদার্থ ছাড়া, অন্য সামগ্রী বাসের ছাদে ও নির্দিষ্ট স্থানে নেওয়া যাবে।
- (৩) বাসের ছাদে, বাম্পারে বা ফুটবোর্ডে ভ্রমণ করা নিষিদ্ধ বিধায় কোন যাত্রীরই ঐভাবে ভ্রমণ করা চলবে না, বিশেষতঃ বিভিন্ন সমীক্ষায় এটা প্রমানিত যে, এইরূপ ভ্রমণে দুর্ঘটনা এবং ফলত প্রানহানী অনেক বেশী ঘটে।
- (৪) দুর্ঘটনা কবলিত কোনও বাসের কর্মীদের শারীরিক নিগ্রহ এবং বাসের কোনরূপ ক্ষতি সাধন করা যাবে না এবং এইরূপ পরিস্থিতিতে নিকটবর্তী থানায় ও নিকটস্থ স্বাস্থ্যকেন্দ্র বা হাসপাতালে অতি দ্রুত যোগাযোগ করে সামাজিক দায়িত্ব পালন করার অনুরোধ করা হচ্ছে।
- (৫) কোন বাসকে তার নির্ধারিত স্টপেজ ছাড়া অন্য কোন স্থানে থামাবার চেষ্টা করা যাবে না, কারণ ঐরূপ করলে বাসটি নির্দিষ্ট সময়ের মধ্যে তার গন্তব্যে না পৌঁছতে পারার কারনে যাত্রীদেরই অসুবিধা ঘটাবে। দ্রুতগামী বাসের ক্ষেত্রে অনুমোদিত স্টপেজ ছাড়া যাত্রীদের ওঠানামা করা যাবে না।
- (৬) যাত্রীগণ প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সড়কের উপর কোনরূপ হাম্প নির্মাণে প্রশ্রয় দেবেন না, কোন ব্যক্তি ঐরূপ করতে গেলে প্রতিহত করবেন, কারণ এইরূপ বি-আইনী হাম্প সৃষ্টি সড়ক পরিবহনে বাঁধা সৃষ্টি করে।
- (৭) দুর্ঘটনায় ক্ষতিগ্রস্থ কোন ব্যক্তির ক্ষতিপূরণের দায় মেটাবার জন্য প্রতিটি বাস বীমা করা থাকায় ক্ষতিগ্রস্থ ব্যক্তি বা পরিবারকে ক্ষতি পূরণ দিতে ইনসিওরেন্স কোম্পানী আইনত দায়বদ্ধ। সে কারনে দুর্ঘটনা কবলিত কোনও ব্যক্তি বা তাঁর তরফে অন্য কেউ বাস মালিকের নিকট হতে কোনও ক্ষতিপূরণ দাবী করতে পারবেন না।
- (৮) সহযাত্রী ও বাস কর্মীদের সঙ্গে সুব্যবহার করে সুসম্পর্ক বজায় রাখুন ও সুস্থ যাত্রী পরিষেবা সচল রাখুন।